সমকাল

তারিখ: 06 MAR 2015
পৃষ্ঠা ৬৭ কলাম ৭

# আজ সারাদেশে ছাত্রদলের বিক্ষোভ

বিএনপির যুগ্ম মহাসচিব সালাহ উদ্দিন আহমেদসহ নেতাকর্মীদের গ্রেফতার, গুম, হত্যার প্রতিবাদে আজ সারাদেশে মহানগর, জেলা এবং বিশ্ববিদ্যালয়গুলোতে বিক্ষোভ ও সমাবেশ করবে জাতীয়তাবাদী ছাত্রদল। গতকাল রোববার ছাত্রদলের এক বিবৃতিতে এ কথা জানানো হয়।

ছাত্রদলের সহসভাপতি নাজমুল হাসান স্বাক্ষরিত বিবৃতিতে বলা হয়, সাদা পোশাকধারী আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক সালাহ উদ্দিন আহমেদকে গ্রেফতারের পর অস্বীকার করা এবং দেশব্যাপী ছাত্রদল নেতাদের হত্যা, গুম, গ্রেফতার ও নির্যাতনের প্রতিবাদে এ কর্মসূচি ঘোষণা করা হয়েছে। এতে সালাহ উদ্দিন আহমেদ, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন, সোহরাওয়ার্দী কলেজ শাখার সাধারণ সম্পাদক ইউসুফ কামাল জনি, তিতুমীর কলেজ ছাত্রদল নেতা মেহেদী হাসানকে নিঃশর্ত মুক্তি দিয়ে পরিবারের কাছে ফিরিয়ে দেওয়ার দাবি জানানো হয়।